



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০২৫

মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

সমাজসেবা অধিদপ্তর
সমাজকল্যাণ মন্ত্রণালয়

হায়দার জাফর খান


অতিরিক্ত রুটিন দায়িত্বে

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম

মুখবন্ধ

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কর্মসূচিটি দেশের দরিদ্র দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। “এসিডদক্ষ মহিলা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম” শীর্ষক শিরোনামে কর্মসূচিটি মূলতঃ বিগত ২০০২-০৩ অর্থ বছর হতে শুরু হয়। শুরুতে এসিডদক্ষ মহিলা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে উক্ত কর্মসূচি বাস্তবায়নাধীন থাকলেও পরবর্তীতে মাঠ পর্যায়ের চাহিদা অনুযায়ী এসিডে ক্ষতিগ্রস্ত পুরুষ এবং অন্যান্য প্রতিবন্ধী যেমন মানসিক ও বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিদেরকেও এ কর্মসূচির আওতায় ক্ষুদ্রঋণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। এ কারণে পরবর্তীতে ৩য় বার সংশোধনপূর্বক “দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা” শীর্ষক শিরোনামে অনুসারিত হয়। যা বর্তমানে মাঠ পর্যায়ে দেশের সকল জেলায় বাস্তবায়নাধীন রয়েছে। উল্লিখিত কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে বাস্তবভিত্তিক ও সমসাময়িক কিছু সমস্যা পরিলক্ষিত হয়। এ কারণে উক্ত সমস্যা সমাধানকল্পে নীতিমালার সংশ্লিষ্ট অংশের বিশদ ব্যাখ্যা/সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। একইসাথে বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় বিদ্যমান নীতিমালায় কিছু কিছু বিষয় নতুনভাবে সংযোজন ও বিয়োজন জরুরি হয়ে পড়েছে। উক্ত বিষয়সমূহের উপর সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি এবং মন্ত্রিসভা কমিটি’র বিভিন্ন সময়ে অনুষ্ঠিত সভার সুপারিশ ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গৃহীত সুপারিশ/সিদ্ধান্তের আলোকে কর্মসূচির নাম পরিবর্তনসহ বর্তমান নীতিমালায় প্রয়োজনীয় সংশোধনসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। একই সাথে এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের মতামতও গ্রহণ করা হয়। বিদ্যমান নীতিমালায় উল্লিখিত দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন” এর সাথে বিভিন্ন সংঘর্ষ, সহিংসতা ও সংঘর্ষের সময় “আহত” ব্যক্তিদেরকে অন্তর্ভুক্ত করে নীতিমালার সংশ্লিষ্ট অংশ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়। বর্তমানে আহত ব্যক্তিদের চিকিৎসা ও পুনর্বাসন সহায়তা প্রদানের বিষয়াদি অন্তর্ভুক্ত করে “দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন” শীর্ষক শিরোনামে নীতিমালার চতুর্থ সংস্করণ প্রকাশ করা হলো। এ কর্মসূচিটি সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়ন, মূল্যায়ন এবং লক্ষ্য অর্জনে এ নীতিমালা সংশ্লিষ্ট সকল পর্যায়ে কার্যকর ও সঠিক পথ নির্দেশক হিসেবে ব্যবহৃত হবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস। “দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন” নীতিমালার চতুর্থ সংস্করণটি এ কার্যক্রমকে আরো বেশি গতিশীল, সেবামুখী এবং মাঠ পর্যায়ের বিভিন্ন সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

“দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম” বাস্তবায়ন নীতিমালা-২০২৫ কার্যকরের মধ্য দিয়ে দেশে বিদ্যমান হতদরিদ্র, অস্বচ্ছল দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন ও তাঁদের জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব হবে। এ নীতিমালা অনুসরণে কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলে অর্পিত দায়িত্ব স্বচ্ছতা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালন করতে সক্ষম হবেন মর্মে আমার বিশ্বাস। এ নীতিমালা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।



হায়দার জাহান ফারাস

সচিব (রুঃদাঃ)

সমাজকল্যাণ মন্ত্রণালয়

List of Abbreviation


- (১) “DDO” অর্থ Drawing and Disbursing Officer;
- (২) “DIS” অর্থ Disability Information System;
- (৩) “EFT” অর্থ কার্যক্রমের আওতায় Electronic Fund Transfer;
- (৪) “G2P” অর্থ Government to Person;
- (৫) “MIS” অর্থ Management Information System;
- (৬) “NSSF” অর্থ National Social Security Strategy;
- (৭) “SMS” অর্থ Short Message Service;
- (৮) “PMT” অর্থ Proxy Means Test.
- (৯) “NID” অর্থ National Identity Card.
- (১০) “API” অর্থ Application Programming Interface.
- (১১) “MCMS” অর্থ Micro Credit Management System
- (১২) “PWD” অর্থ Person With Disabilities
- (১৩) “POS” অর্থ Point of Sale
- (১৪) “MFS” অর্থ Mobile Financial Service
- (১৫) “IDSDP” অর্থ Integrated Digital Service Delivery Platform


মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ বঙ্গালয়, ঢাকা

স্বাক্ষরিত: ১০/০৫/২০১৮
১০/০৫/২০১৮
১০/০৫/২০১৮
১০/০৫/২০১৮

সূচিপত্র

অনুচ্ছেদ	বিষয়	পৃষ্ঠা নম্বর
১.	পটভূমি	১
২.	শিরোনাম	২
৩.	সংজ্ঞা	২
৪.	উদ্দেশ্য	৩
৫.	কার্যক্রম	৩
৬.	কার্যক্রমের পরিধি	৩
৭.	কার্যক্রম বাস্তবায়ন কৌশল	৩
৮.	তথ্য ভান্ডার ও ব্যবস্থাপনা	৪
৯.	প্রচার-প্রচারণা	৫
১০.	সময়সীমা	৫
১১.	সুবিধাভোগী নির্বাচনে মানদণ্ড	৬
১২.	চিকিৎসা ও আর্থিক সহায়তার মানদণ্ড	৬
১৩.	দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনে ক্ষুদ্রঋণ প্রদান কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া	৭
১৪.	কার্যক্রম সংশ্লিষ্ট কমিটি	১১
১৫.	পরিবীক্ষণ ও মূল্যায়ন	১৩
১৬.	কমিটি'র নির্দেশনা বাস্তবায়ন	১৪
১৭.	পরিশিষ্ট-ক পরিবার জরিপ ফরম	১৫
১৮.	পরিশিষ্ট-খ সুদমুক্ত ঋণ প্রাপ্তির আবেদন ফরম	১৭
১৯.	পরিশিষ্ট-গ ঋণের চুক্তিপত্র	১৮
২০.	পরিশিষ্ট-ঘ এককালীন সহায়তা প্রাপ্তির আবেদন ফরম	২০


 মোঃ বরকাতুল রহমান
 উপসচিব
 সামাজিক নিরাপত্তা-৩ শাখা
 অর্থায়ন বিভাগ, ঢাকা

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম

১. পটভূমি:

বিশ্বের উন্নয়নশীল দেশগুলোর মধ্যে বাংলাদেশ একটি স্বল্প আয়তনের ঘনবসতিপূর্ণ দেশ। বর্তমানে দেশের মোট জনসংখ্যা প্রায় ১৭ কোটি ১০ লক্ষ [তথ্য বিবিএস ২০২৩] এবং ভৌগোলিক আয়তন প্রায় ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার। ভৌগোলিক আয়তনের তুলনায় জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ায় দেশে বিভিন্ন ধরনের সহিংস ঘটনা যেমন এসিড নিক্ষেপ, অগ্নিদগ্ধতা, বোমাবাজি, সড়ক দুর্ঘটনা, রাসায়নিক পদার্থের দাহ্যতা, বিভিন্ন সংঘর্ষ ও সংঘাত সংঘটিত হচ্ছে। একইসাথে সুচিকিৎসার অভাব ও অপচিকিৎসায় সাধারণ মানুষ মৃত্যুবরণ/পঞ্জুড়/প্রতিবন্ধী হয়ে জীবন অতিবাহিত করছে। এসকল দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় গত ২০০২ সালে “এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম” শীর্ষক শিরোনামে নীতিমালাটি প্রণয়ন করে। পরবর্তীতে বাস্তবতার নিরিখে ২০১০ সালে দ্বিতীয়বার সংশোধন করা হয়। সর্বশেষ অক্টোবর ২০১৫ সালে “দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন” শীর্ষক শিরোনামে নীতিমালাটি তৃতীয়বার সংশোধন করা হয়।

সাম্প্রতিক সময়ে সংঘটিত বিভিন্ন ধরনের সহিংসতার ধরন বিবেচনায় নিয়ে বাস্তবতার নিরিখে ইতঃপূর্বে জারিকৃত নীতিমালাটি সংশোধন করার প্রয়োজনীয়তা দেখা দেয়। তৎপ্রেক্ষিতে বিভিন্ন সহিংসতায় দক্ষ, প্রতিবন্ধীসহ আহত ব্যক্তিদের পুনর্বাসন/আর্থিক অনুদান প্রদানের নিমিত্তে “দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম” বাস্তবায়ন নীতিমালা, ২০২৫ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এটি ইতঃপূর্বে জারিকৃত এ সংক্রান্ত নীতিমালার চতুর্থ সংস্করণ হিসেবে বিবেচিত হবে।

হায়দার জাহান জাহান
সচিবের কটিন দায়িত্বে

মোঃ হরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

২. শিরোনাম: এই নীতিমালা “দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২৫” নামে অভিহিত হবে।

৩. সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায়-

- (১) “অধিদপ্তর” অর্থ সমাজসেবা অধিদপ্তর;
- (২) “দক্ষ” অর্থ শরীরে এসিড, আগুন বা অন্য কোন প্রকার দাহ্য পদার্থ নিক্ষেপ অথবা অসতর্ক ব্যবহার ও অপব্যবহার অথবা দুর্ঘটনার কারণে দক্ষ ইত্যাদি কারণে শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তি;
- (৩) “আহত ব্যক্তি” অর্থ ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে ব্যতীত অন্য কোন কারণে সংঘাত/সংঘর্ষে জড়িয়ে পড়া অথবা যে কোন ধরনের দুর্ঘটনার কারণে শারীরিক/মানসিক আঘাত প্রাপ্ত এবং ট্রমা সহ্য করেছেন এমন ব্যক্তি;
- (৪) “স্থায়ী ক্ষতি” অর্থ কোন ব্যক্তির কোন অঙ্গের ক্ষতি সাধনের ফলে তাঁর কার্যকারিতা চিরতরে/স্থায়ীভাবে নষ্ট/লোপ পাওয়ার সাথে সাথে শারীরিক ও মানসিক ভাবে কর্মক্ষমতাহীন অবস্থা;
- (৫) “অস্থায়ী ক্ষতি” অর্থ কোন ব্যক্তির কোন অঙ্গের ক্ষতি সাধনের ফলে তার কার্যকারিতা সাময়িক/অস্থায়ীভাবে নষ্ট/লোপ পাওয়ার সাথে সাথে শারীরিক ও মানসিক ভাবে কর্মক্ষমতাবিহীন অবস্থা;
- (৬) “প্রতিবন্ধী” অর্থ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ৩ ধারায় বর্ণিত যে কোন ধরনের প্রতিবন্ধী ব্যক্তি;
- (৭) “দুর্ঘটনা” অর্থ স্থলপথ, নদীপথ ও আকাশপথসহ যে কোন ধরনের আকস্মিক দুর্ঘটনা;
- (৮) “পুনর্বাসন” অর্থ দক্ষ, আহত বা প্রতিবন্ধী হওয়ার কারণে যারা স্বাভাবিক জীবন থেকে বিচ্যুত হয়েছেন, তাদের চিকিৎসা, আর্থিক সহায়তা এবং কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ ও ক্ষুদ্রঋণ প্রদান পূর্বক সমাজে পুনর্বাসন;
- (৯) “কমিটি” অর্থ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এই নীতিমালায় অন্তর্ভুক্ত যে কোনো কমিটি;
- (১০) “কার্যক্রম” অর্থ সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বাস্তবায়িত দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম;
- (১১) “কিস্তি” অর্থ সুবিধাভোগীর অনুকূলে প্রদত্ত ক্ষুদ্রঋণের অর্থ পরিশোধের সময়কাল;
- (১২) “তথ্যভান্ডার কর্তৃপক্ষ” অর্থ পরিচয়পত্র প্রদানকারী বা সংরক্ষণকারী কোনো প্রতিষ্ঠান অথবা কর্তৃপক্ষ;
- (১৩) “পরিচয়পত্র” অর্থ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ বা প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র;
- (১৪) “পেমেন্ট পদ্ধতি” অর্থ কার্যক্রমের আওতায় সুবিধাভোগীর নিকট আর্থিক সহায়তা প্রেরণ পদ্ধতি;
- (১৫) “প্রতিবন্ধিতার ধরন” অর্থ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ৩ অনুযায়ী প্রতিবন্ধিতার ধরনসমূহ;
- (১৬) “বাস্তবায়নকারী কর্তৃপক্ষ” অর্থ সমাজসেবা অধিদপ্তর ও এর কার্যালয়সমূহ;
- (১৭) “মন্ত্রিসভা কমিটি” অর্থ সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (১৮) “মহাপরিচালক” অর্থ সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক;
- (১৯) “সফটওয়্যার” অর্থ কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট যে কোনো সফটওয়্যার;
- (২০) “সুবিধাভোগীর হিসাব” অর্থ এ কার্যক্রমের আওতায় প্রদত্ত আর্থিক সহায়তা গ্রহণের জন্য

মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

সুবিধাভোগীর অনুকূলে খোলা কোনো মোবাইল হিসাব নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর;

- (২১) “সুবিধা” অর্থ সরকার কর্তৃক প্রদত্ত চিকিৎসা ও আর্থিক সহায়তা এবং সুদমুক্ত ক্ষুদ্রঋণ;
- (২২) “সুবিধাভোগী” অর্থ কার্যক্রমের আওতায় চিকিৎসা সহায়তাপ্রাপ্ত দক্ষ ব্যক্তি, আর্থিক সহায়তা প্রাপ্ত ব্যক্তি এবং ক্ষুদ্রঋণ প্রাপ্ত দক্ষ ও আহত প্রতিবন্ধী ব্যক্তি;
- (২৩) “পুনর্বাসন সহায়তা” অর্থ দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা, আর্থিক সহায়তা এবং পুনর্বাসন ও কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ ও সহজ শর্তে সুদমুক্ত ঋণ প্রদান।

৪. উদ্দেশ্য:

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান। সর্বোপরি ক্ষেত্র বিশেষে সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদানপূর্বক আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে পুনর্বাসন।

৫. কার্যক্রম:

- (ক) দক্ষ ও আহত ব্যক্তিদের দূত চিকিৎসার সহায়তা প্রদান;
- (খ) প্রশিক্ষণ ও পুনর্বাসনের লক্ষ্যে দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রাধিকার তালিকা (Priority list) প্রণয়ন;
- (গ) দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে দক্ষতা ভিত্তিক ও উপার্জনমুখী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- (ঘ) দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের দক্ষতা ভিত্তিক পেশার ভিত্তিতে কর্মসংস্থানের জন্য সুদমুক্ত ঋণ প্রদান;
- (ঙ) দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের মূল স্রোতধারার সাথে সম্পৃক্ত করে, জাতীয় উন্নয়নে অংশগ্রহণ নিশ্চিতকরণ।

৬. কার্যক্রমের পরিধি:

বাংলাদেশের সকল উপজেলা, সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়নে এ কার্যক্রম বাস্তবায়িত হবে।

৭. কার্যক্রম বাস্তবায়ন কৌশল:

৭.১ সহায়তা প্রাপ্তি:

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিগণ আর্থিক ও চিকিৎসা সহায়তা এবং সুদমুক্ত ঋণ পাবেন, তবে যে সকল প্রতিবন্ধী ব্যক্তি প্রতিবন্ধী ভাতা পেয়ে থাকেন সে সকল ব্যক্তি শুধু পুনর্বাসনের জন্য যোগ্যতা থাকা সাপেক্ষে সুদমুক্ত ক্ষুদ্রঋণ পাবেন।

৭.২. সহায়তা প্রাপ্তির লক্ষ্যে উপকারভোগী/সুবিধাভোগী কর্তৃক আবেদন:

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তি বা তাঁর পক্ষে সংশ্লিষ্ট হাসপাতাল/উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়/জেলা সমাজসেবা কার্যালয় বরাবর আর্থিক/চিকিৎসা সহায়তা/অনুদান/সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রাপ্তির জন্য অনলাইন/সরাসরি আবেদন করতে পারবেন। তবে, যে সকল ব্যক্তি অনলাইনে/সরাসরি আবেদন করতে সমস্যার সম্মুখীন হবেন স্থানীয় সমাজসেবা কার্যালয় তাঁদেরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

৭.৩. সহায়তা প্রাপ্তির লক্ষ্যে উপকারভোগী/সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়া:

উপজেলা এলাকা:

(ক) উপজেলা সমাজসেবা অফিসার প্রাপ্ত আবেদনসমূহ সহকারী সমাজসেবা অফিসার ও ফিল্ড সুপারভাইজারের মাধ্যমে যাচাইবাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করবেন;

(খ) উপজেলা সমাজসেবা অফিসার প্রাথমিক যাচাই-বাছাইকৃত তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটির নিকট প্রেরণ করবেন;

(গ) উপজেলা কমিটি প্রাপ্ত তালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা, একটি অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা এবং বাতিলকৃত আবেদনসমূহের বাতিলের কারণ সমন্বিত তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

শহর এলাকা:

- (ক) সমাজসেবা অফিসার প্রাপ্ত আবেদনসমূহ যাচাইবাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করবেন;
- (খ) প্রাথমিক যাচাই-বাছাইকৃত তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা কমিটির নিকট প্রেরণ করবেন;
- (গ) জেলা কমিটি প্রাপ্ত তালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা, একটি অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা এবং বাতিলকৃত আবেদনসমূহের বাতিলের কারণ সমন্বিত তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

উপকারভোগী/সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়ার ফ্লো-চার্ট



৭.৪. MIS-এ তথ্য সন্নিবেশ:


- (ক) সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার অনুমোদিত চূড়ান্ত তালিকা অনুযায়ী সুবিধাভোগীদের তথ্য এমআইএস (MIS) এ সন্নিবেশ করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে সন্নিবেশিত তথ্য নিয়মিত হালনাগাদ করবেন;
- (খ) ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের প্রতিবন্ধী ব্যক্তিবর্গের তালিকার সফটকপি এবং হার্ডকপি সংশ্লিষ্ট ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের সমাজসেবা দপ্তর সংরক্ষণ করবে;

৮. তথ্য ভান্ডার ও ব্যবস্থাপনা:

৮.১ তথ্য সংগ্রহ:

প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য প্রতিবন্ধিতা তথ্য সিস্টেম (DIS) হতে পাওয়া যাবে। দক্ষ ও আহত ব্যক্তিদের সংখ্যা নিরূপণের উদ্দেশ্যে প্রতি উপজেলায়, শহর ও মহানগর এলাকায় জরিপের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ পরিচালনা করা হবে। দক্ষ ও আহত ব্যক্তিদের কোনো তথ্য ভান্ডার বা ডাটাবেজ থাকলে সেটিও ব্যবহার করা হবে। উপজেলা সমাজসেবা কার্যালয় ও শহর সমাজসেবা কার্যালয়, প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং স্থানীয় স্বেচ্ছাসেবক দ্বারা “পরিবার জরিপ ফরম (পরিশিষ্ট-ক) পূরণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করা হবে।


মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা


২২/০৫/১৮ জাফর ২০০৮
মতিবের রুটিন দায়িত্বে

৮.২ তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন প্রেরণ:

তথ্য সংগ্রহের কাজ অনলাইন বা অফলাইন ফর্মের মাধ্যমে সেন্ট্রাল তথ্য ভান্ডারে সংরক্ষণ করতে হবে। তথ্য সংগ্রহের জন্য ব্যবহৃত অফলাইন ফর্মগুলো থেকে প্রয়োজনীয় তথ্য নিয়ে নিম্নবর্ণিত ছক অনুযায়ী একটি রেজিস্ট্রারে সংশ্লিষ্ট তথ্য বিন্যাস করে সংরক্ষণ করতে হবে।

“ছক”

ক্রম	নাম ও এন আইডি/জন্ম নিবন্ধন নং	পিতা/মাতা/স্বামীর নাম	লিঙ্গ	স্থায়ী ঠিকানা	জন্ম তারিখ	সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা	পেশা
১	২	৩	৪	৫	৬	৭	৮

ক্ষতিগ্রস্ত/আহত হওয়ার তারিখ	ক্ষতিগ্রস্ত/আহত হওয়ার কারণ	শারীরিক/মানসিক ক্ষতির বিবরণ	আর্থিক ক্ষয়ক্ষতির বিবরণ	চিকিৎসার প্রয়োজন আছে কি না	পরিবারের উপার্জনক্ষম ব্যক্তি কি না	অন্য উপর নির্ভরশীল কি না
৯	১০	১১	১২	১৩	১৪	১৫

কোন কাজে দক্ষতা আছে কি না	প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী কি না	উপার্জনমূলক কাজে অংশ গ্রহণে আগ্রহী কি না	আর্থিক সহায়তার প্রয়োজন আছে কি না	ব্যাংক/মোবাইল ব্যাংকিং সংক্রান্ত তথ্য	হিসাবধারীর তথ্য নিজে/অন্য কেউ। অন্য কেউ হলে তার সাথে সম্পর্ক	মন্তব্য
১৬	১৭	১৮	১৯	২০	২১	২২


৯. প্রচার-প্রচারণা:

কার্যক্রমের উদ্দেশ্য ও কর্মসূচি সম্পর্কে জনগণকে অবহিত করার লক্ষ্যে সমাজসেবা অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা প্রশাসন বিভিন্ন জাতীয় গণমাধ্যম যেমন- রেডিও, টেলিভিশন, পত্র-পত্রিকা, অফিসিয়াল সার্কুলার এবং স্থানীয়ভাবে সভা-সমিতি, মাইকিং, পথসভা, র্যালি-শোভাযাত্রা ইত্যাদির মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণার উদ্দেশ্য গ্রহণ করতে হবে।

১০. সময়সীমা:

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তি এ কার্যক্রমের আওতায় সুবিধা প্রাপ্তির জন্য যে কোন সময় নির্ধারিত উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়/সংশ্লিষ্ট হাসপাতালে আবেদন করতে পারবেন। উপজেলা/শহর/হাসপাতাল সমাজসেবা অফিসার সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন।


মোঃ রashedul রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সামাজিক্যাল মন্ত্রণালয়, ঢাকা


মোঃ রashedul রহমান
সচিবের রুটিন দায়িত্বে

১১. সুবিধাভোগী নির্বাচনের মানদণ্ড:

- শারীরিকভাবে অক্ষম অর্থাৎ সম্পূর্ণরূপে কর্মক্ষমহীন ব্যক্তিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে;
- সর্বোচ্চ বয়স্ক ব্যক্তি, অনগ্রসর জনগোষ্ঠী, দরিদ্র, ভূমিহীন ও গৃহহীন ব্যক্তি, আবেদনকারীর উপর নির্ভরশীল একাধিক সদস্য থাকলে তাকে ও নারী আবেদনকারীকে অগ্রাধিকার দিতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;
- জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে) থাকতে হবে;
- বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে;
- এক অর্থবছরে শুধুমাত্র একবারই সুবিধা পাবেন;
- শর্তাবলী যাই থাকুক না কেন বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. চিকিৎসা ও আর্থিক সহায়তার মানদণ্ড:

১২.১. সুবিধাভোগীর অর্থনৈতিক অবস্থা: কোন ব্যক্তি নীতিমালার অনুচ্ছেদ ১১ অনুযায়ী সুবিধাভোগী হিসেবে নির্বাচিত হলে এবং তার পরিবারের বছরে গড় আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্ধ্বে না হলে তাকে চিকিৎসা সহায়তা/আর্থিক পুনর্বাসন সহায়তা প্রদান করা যাবে।

১২.২. সুবিধাভোগীর ন্যূনতম আর্থিক সহায়তার পরিমাণ: নির্বাচিত সুবিধাভোগীর শারীরিক ও মানসিক আঘাতের মাত্রা ও তীব্রতা এবং অর্থনৈতিক অবস্থা বিবেচনা করে নিম্নোক্ত ছক মোতাবেক অনুদান হিসেবে প্রদান করা যাবে:

ক্রমিক নং	সুবিধাভোগীর আঘাতের/আহতের ধরন/তীব্রতা	অনুদানের পরিমাণ (টাকা)	মন্তব্য
১	হাতে আঘাত/ক্ষতি	-	
১.১	১ হাতে আঘাত (অস্থায়ী ক্ষতি/কর্মক্ষমতা হ্রাস)	১,০০,০০০	
১.২	২ হাতে আঘাত (অস্থায়ী ক্ষতি/কর্মক্ষমতা হ্রাস)	২,০০,০০০	
২	পায়ে আঘাত/ক্ষতি	-	
২.১	১ পায়ে আঘাত (অস্থায়ী ক্ষতি/কর্মক্ষমতা হ্রাস)	১,০০,০০০	
২.২	২ পায়ে আঘাত (অস্থায়ী ক্ষতি/কর্মক্ষমতা হ্রাস)	২,০০,০০০	
৩	চোখে আঘাত/ক্ষতি (অস্থায়ী ক্ষতি/দৃষ্টি শক্তি হ্রাস)	২,০০,০০০	
৪	কানে আঘাত/ক্ষতি (অস্থায়ী ক্ষতি/শ্রবণ শক্তি হ্রাস)	২,০০,০০০	
৫	মাথায় আঘাত/অস্থায়ী ক্ষতি	-	
৫.১	বাহ্যিক আঘাত/ক্ষতি	১,০০,০০০	
৫.২	অভ্যন্তরীণ (মস্তিষ্ক) আঘাত/ক্ষতি	২,০০,০০০	
৬	অন্যান্য অংশে আঘাত (অস্থায়ী ক্ষতি/কর্মক্ষমতা হ্রাস)	১,০০,০০০	
৭	মানসিক ভারসাম্যহীনতা/দৈর্ঘ্যমান আক্রান্ত	১,০০,০০০	
৮	যে কোন অংশে হানি (স্থায়ী ক্ষতি/কর্মক্ষমতা হ্রাস)	৫,০০,০০০	

একজন ব্যক্তি একাধিক ধরনের আঘাত বা ক্ষতির জন্য ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য হতে পারেন। তবে একজন ব্যক্তির প্রাপ্য সহায়তার সর্বোচ্চ পরিমাণ ৫০০,০০০ টাকা হবে। উদাহরণস্বরূপ, একজন ব্যক্তি ২ হাত (২০০,০০০ টাকা), ২ পা (২০০,০০০ টাকা) এবং চোখে আঘাত/ক্ষতির (২০০,০০০ টাকা) কারণে ৬০০,০০০ টাকা পাওয়ার যোগ্য হলেও অনুদান হিসেবে ৫০০,০০০ টাকার বেশি পাবেন না।

মোঃ বরফগজুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ সঞ্চালকালয়, ঢাকা

শ্রীমতী হুমায়রা হুসেন
সচিবের রুটিন দায়িত্বে

১২.৩. আঘাতের ধরন ও তীব্রতা যাচাই:

আঘাতের ধরন ও তীব্রতা আহত ব্যক্তির চিকিৎসা সংক্রান্ত নথিপত্র নিবন্ধিত চিকিৎসকের ব্যবস্থাপত্র/সার্টিফিকেট, মেডিক্যাল রিপোর্ট, হাসপাতালের বিল ইত্যাদি যাচাই এবং সমাজকর্মী কর্তৃক পরিদর্শন ও পরীক্ষান্তে নির্ধারণ করা হবে।

১২.৪. এককালীন সহায়তা বা অনুদান প্রাপ্তির প্রক্রিয়া:

অনুদান সহায়তা সুবিধাভোগীর ব্যাংক/এমএফএস একাউন্টে সরাসরি স্থানান্তর করা হবে। তবে সুবিধাভোগী ব্যাংক/এমএফএস একাউন্ট পরিচালনা করতে অক্ষম হলে অনুদান তার অভিভাবকের / প্রাথমিক পরিচর্যাকারীর MFS/ব্যাংক একাউন্টে/উপযুক্ত মাধ্যমে স্থানান্তর করা যেতে পারে।

১২.৫. যে সকল হাসপাতালে রোগী কল্যাণ সমিতি আছে এবং দক্ষ ব্যক্তিদের চিকিৎসা প্রদান করা হয়, সে সকল হাসপাতালের অনুকূলে দক্ষ জনিত চিকিৎসা বাবদ বিশেষ অনুদানের বরাদ্দ প্রদান করতে হবে। রোগী কল্যাণ সমিতির নিজস্ব অর্থ ব্যবস্থাপনায় অনুদানের অর্থ ব্যয় করবে। পরবর্তীতে এ বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালককে অবহিত করতে হবে। একজন ব্যক্তি যে কোন একটি তহবিল হতে একবার এই সহায়তা পাবেন।

১৩. দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনের ক্ষুদ্রঋণ প্রদান কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া:

দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে আয়বর্ধক কর্মসূচি গ্রহণে সুদমুক্ত ঋণ সহায়তা প্রদান করা হবে। ঋণ কর্মসূচি বাস্তবায়নের জন্যে প্রয়োজনীয় নমুনা ফরম পরিশিষ্ট ক থেকে গ পর্যন্ত সংযোজন করা আছে।

১৩.১. ঋণ প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী:

যে পরিবারের সদস্যদের মাথাপিছু বার্ষিক গড় আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্ধ্বে নয়, এরূপ পরিবারের দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিরাই এ কর্মসূচির লক্ষ্যভূক্ত জনগোষ্ঠি হিসেবে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ঋণ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।

(ক) আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলা/পৌর এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত হতে হবে।

(গ) নাম অগ্রাধিকার তালিকাভুক্ত হতে হবে।

(ঘ) প্রয়োজন উল্লেখপূর্বক ঋণের জন্য আবেদন করতে হবে।

(ঙ) কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুর হতে হবে।

(চ) ঋণ গ্রহণ ও পরিশোধের শর্তাবলী সম্বলিত চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

(ছ) দারিদ্র্য সীমার নীচে বসবাসরত ব্যক্তিগণ ঋণ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

১৩.২. ঋণ মঞ্জুর এর নিয়মাবলী:

ঋণ গ্রহণে ইচ্ছুক দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিগণ ঋণের জন্য নির্ধারিত আবেদনপত্রে প্রয়োজন উল্লেখপূর্বক উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়/সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় বরাবরে আবেদন করবেন। সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার তাঁর অধীন মাঠকর্মী ও ফিল্ড সুপারভাইজারের মাধ্যমে ঋণ প্রাপ্তির যোগ্যতা যাচাই করবেন। আবেদনকারী ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হলে দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মী তার আবেদনপত্রে সুপারিশ করে কার্যক্রম বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের জন্য উপজেলা সমাজসেবা অফিসারের মাধ্যমে (যদি থাকে) উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুরের সময়কাল ১৫ (পনেরো) কার্যদিবস। বিশেষ কোন কারণ ব্যতীত এ সময়কাল অতিক্রম করা যাবে না। সময়কাল অতিক্রান্তের পর ঋণ মঞ্জুর করা হলে কমিটিকে কারণ উল্লেখ করতে হবে। বিনা কারণে সময়কাল অতিক্রান্ত হলে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা ও মাঠকর্মী এজন্য দায়ী থাকবেন।

১৩.৩ ঋণ গ্রহীতার ওরিয়েন্টেশন ও চুক্তিপত্র সম্পাদন:

কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুরের পর সমাজসেবা অফিসার মাঠকর্মীদের মাধ্যমে ঋণ গ্রহীতাকে কার্যক্রম পরিচিতি ও ওরিয়েন্টেশন প্রদানের ব্যবস্থা করবেন। ওরিয়েন্টেশন শেষে চুক্তিপত্র সম্পাদন ও ঋণ বিতরণের প্রস্তুতি গ্রহণ করবেন। ওরিয়েন্টেশনে নিম্ন বর্ণিত বিষয়গুলো আলোচনা করবেন:

- ঋণের অর্থ ব্যবহারের নিয়মাবলী;
- ক্ষিম বাস্তবায়ন পদ্ধতি ও কলাকৌশল;
- আয় ব্যয়ের হিসাব সংরক্ষণের নিয়মাবলী;
- লাভ ক্ষতি মূল্যায়ন;
- কিস্তি পরিশোধের নিয়মাবলী;
- সঞ্চয় জমা দেয়ার নিয়মাবলী;
- সার্ভিস চার্জের অর্থ প্রাপ্তির নিয়মাবলী;
- ব্যাংক লেনদেন নিয়মাবলী;
- ভবিষ্যত পরিকল্পনা;

১৩.৪ ঋণ গ্রহীতা কর্তৃক সামাজিক কার্যক্রম বাস্তবায়ন:

- নিয়মিত সঞ্চয় প্রদান;
- ছোট পরিবার গঠন;
- মা ও শিশুদের রোগ প্রতিরোধক টীকা গ্রহণ;
- ছেলেমেয়েদের স্কুলে প্রেরণ;
- যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধকরণ;
- আর্সেনিকমুক্ত বিশুদ্ধ পানি পান ও ব্যবহার নিশ্চিতকরণ;
- বাড়িঘর ও পারিপার্শ্বিক পরিবেশ পরিচ্ছন্ন রাখা নিশ্চিতকরণ;
- নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকরণ;
- মহিলাদের ক্ষমতায়ন;
- নিয়মিত সবজী বাগান করা এবং বাড়ির আশেপাশে বৃক্ষরোপণ করার বিষয়ে উদ্বুদ্ধকরণ।

১৩.৫ ঋণ বিতরণের নিয়মাবলী:

সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ঋণ বিতরণের স্থান, তারিখ ও সময় উল্লেখ করে পত্র দ্বারা ঋণ গ্রহীতা ও কার্যক্রম বাস্তবায়ন কমিটির সকলকে ঋণ বিতরণের বিষয় অবগত করবেন;

- পূর্ব থেকেই ঋণ বিতরণ রেজিস্টার ও অন্যান্য লিপিবদ্ধকরণ কাজ সম্পন্ন করে রাখতে হবে।
- ব্যাংক থেকে টাকা উত্তোলন করে ঋণ গ্রহীতার নাম ও টাকার পরিমাণ খামে লিখে রাখতে হবে।
- চেক/ব্যাংক/এমএফএস একাউন্টেও সরাসরি স্থানান্তর করা যাবে। এক্ষেত্রে রেকর্ডপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ঋণ গ্রহীতার হাতে নগদ টাকা প্রদান করে টাকা সঠিক আছে কিনা তা দেখে নিতে বলতে হবে।
- নির্ধারিত কাজে ঋণের অর্থ সঠিকভাবে ব্যবহার, হিসাব সংরক্ষণ এবং যথাসময়ে কিস্তি পরিশোধের পরামর্শ প্রদান।
- ঋণের আবেদন পত্রের সাথে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি সংযোজন করতে হবে।
- ঋণ বিতরণ রেজিস্টারে ঋণ গ্রহীতার স্বাক্ষর যথাযথভাবে নিতে হবে।
- ঋণ বিতরণ শেষে রেজিস্টারে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা স্বাক্ষর প্রদান করবেন এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপপরিচালক তাতে প্রতিস্বাক্ষর করবেন।

মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

মোঃ হুমায়ুন কবীর
সচিবের রুটিন দায়িত্বে

১৩.৬ ঋণ ও সার্ভিস চার্জ আদায় পদ্ধতি:

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তি বা তার পরিবারের কোন ব্যক্তি এ কার্যক্রমের ঋণ সহায়তা তহবিল থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হতে সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত সুদমুক্ত ঋণ পেতে পারেন। এ কার্যক্রমের ঋণ গ্রহীতা প্রথমবার ঋণের সাফল্য অর্থ পরিশোধের পর প্রয়োজনে একাধিকবার ঋণের আবেদন করতে পারবেন।

এ ঋণের টাকার উপর ৫% সার্ভিস চার্জ ধার্য করে মেয়াদকালীন সময়ের মধ্যে সমান ২০ (বিশ) কিস্তিতে (কিস্তি ও সার্ভিস চার্জ) পরিশোধের শর্তে ঋণের চুক্তি সম্পাদন করতে হবে। স্বীকৃতির প্রকৃতি অনুসারে এক বছর হতে সর্বোচ্চ দুই বছর মেয়াদে ঋণ প্রদান করা যাবে এবং ঋণের টাকা প্রদানের ২ (দুই) মাস পর হতে কিস্তি পরিশোধ শুরু হবে। স্বীকৃতির প্রকৃতি অনুযায়ী স্বীকৃতির মেয়াদ শেষে সার্ভিস চার্জসহ সমুদয় অর্থ এককালীন আদায় করা যাবে। সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মী (ইউনিয়ন সমাজকর্মী/পৌর সমাজকর্মী) অফিসের ছাপানো পাকা রশিদ প্রদান করে কিস্তি এবং সার্ভিস চার্জের টাকা এক সাথে আদায় করবেন। আদায়কারীকে টাকা আদায় ও জমার হিসাব রি-পেমেন্ট সিডিউল ও ক্যাশ বহিতে লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে।

১৩.৭ ঋণ গ্রহীতা মারা গেলে ঋণের অর্থ আদায়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা:

দক্ষ, আহত ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম এর আওতায় কোন ঋণ গ্রহীতা মারা গেলে মৃত ব্যক্তির জামিনদারের সহায়তায় তার বৈধ ওয়ারিশ/উত্তরাধিকারীদের নিকট হতে ঋণের অর্থ কিস্তিতে অথবা এককালীন আদায় করার চেষ্টা করতে হবে। যদি মৃত ব্যক্তির পারিবারিক অবস্থা একেবারে নিঃশ্ব ও সহায়সম্বলহীন হয় এবং কোনভাবেই ঋণ আদায় করা সম্ভব না হয়, সেক্ষেত্রে মৃত ব্যক্তির জামিনদার/ওয়ারিশগণ কর্তৃক ঋণ মওকুফের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তা বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র, পৌরসভা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক মৃত্যু সনদপত্র এবং মৃত ব্যক্তির ওয়ারিশগণ কর্তৃক প্রদত্ত ঋণ পরিশোধের অক্ষমতার প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে। উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তা ঋণ মওকুফের বিষয়টি সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন কমিটিতে উপস্থাপন করবেন। কমিটি এ বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা এবং সরেজমিনে তদন্তপূর্বক ঋণ মওকুফের বিষয়ে একমত পোষণ করে সুপারিশসহ সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক এ বিষয়ে বিস্তারিত তথ্যসহ সুপারিশ ও মতামতসহ কাগজপত্র পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর বরাবরে প্রেরণ করবেন। মহাপরিচালক ঋণ মওকুফের বিষয়ে একমত পোষণ করলে তিনি বিষয়টি অনুমোদনের জন্য জাতীয় পরিচালনা কমিটির সভায় পেশ করবেন। জাতীয় পরিচালনা কমিটি (জাতীয় স্টিয়ারিং কমিটি) এর অনুমোদন সাপেক্ষে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় ঋণ মওকুফ এর বিষয়টি চূড়ান্ত নিষ্পত্তি করবেন। তদপক্ষে ঋণ মওকুফের বিষয়টি মহাপরিচালকের দপ্তর হতে পত্র মারফত সংশ্লিষ্ট উপপরিচালক ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তাকে জানিয়ে দিতে হবে। সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তা এ সংক্রান্ত হিসাব সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করবেন।

১৩.৮. অর্থ সংরক্ষণ ও ব্যবহার:

১৩.৮.১ মূলধনের অর্থ ব্যবস্থাপনা:

সমাজসেবা অধিদপ্তর কর্তৃক দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রদত্ত অর্থ প্রতি উপজেলা, শহর ও মহানগর এলাকায় “দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন তহবিল” নামে যে কোন তফসিলভুক্ত ব্যাংকে একটি চলতি হিসাব খুলে জমা রাখতে হবে। উক্ত হিসাবটি উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের যৌথ স্বাক্ষরে এবং জেলা শহর ও মহানগর এলাকায় জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক এবং শহর সমাজসেবা অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। এ ঋণ তহবিলের অর্থ দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের লক্ষ্যে আয়বর্ধক কাজে পুঁজি হিসেবে ব্যবহারের জন্য ফেরতযোগ্য ঋণ হিসেবে প্রদান করা হবে।

১৩.৮.২ ঋণ আদায় অর্থ ব্যবস্থাপনা:

মাঠ হতে আদায়কৃত ঋণের অর্থ জমা রাখার জন্য উপজেলার ক্ষেত্রে প্রতি ইউনিয়ন এবং শহর সমাজসেবার ক্ষেত্রে প্রতি ওয়ার্ডের জন্য “দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের ঋণ আদায় তহবিল” নামে যেকোন তফসিলি ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলে আদায়কৃত মূলধন ও সার্ভিস চার্জ জমা রাখতে হবে। উপজেলার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়নের দায়িত্ব প্রাপ্ত সমাজকর্মী, জেলা/শহর এবং মহানগর এলাকায় শহর সমাজসেবা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট পৌর সমাজকর্মী এর যৌথ স্বাক্ষরে এ হিসাবটি পরিচালিত হবে। এ হিসাব থেকে মূলধনের টাকা উত্তোলনপূর্বক একই পদ্ধতিতে পুনঃবিনিয়োগ করতে হবে।

১৩.৮.৩ সার্ভিস চার্জের অর্থ ব্যবস্থাপনা:

সার্ভিস চার্জ হিসেবে আদায়কৃত অর্থ (ঋণ আদায় তহবিলে জমাকৃত) প্রতি অর্থবছর শেষে ইউনিয়ন/ওয়ার্ডের হিসাব থেকে সার্ভিস চার্জ ও ব্যাংক সুদের টাকা “দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম কেন্দ্রীয় সার্ভিস চার্জ ও ব্যাংক সুদ ব্যবহার” নামে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত সঞ্চয়ী ব্যাংক হিসাবে স্থানান্তর করতে হবে। এ অর্থ থেকে উপকারভোগীর কল্যাণ ও শ্রেষ্ঠ সমাজকর্মীকে পুরস্কার প্রদান কার্যক্রম বাস্তবায়নে (প্রত্যেক খাতে সর্বোচ্চ ৫০%) ব্যয় করা যাবে।

ক. উপকারভোগীর কল্যাণ:

নির্বাচিত সুবিধাভোগী দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ, চিকিৎসা সহায়তাসহ আনুষঙ্গিক সহায়ক উপকরণ সরবরাহ ইত্যাদি বিষয়ে নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনায় আনা যেতে পারেঃ

- (১) ঋণ গ্রহীতাদের মধ্য হতে যিনি ঋণ প্রাপ্তির পর চুক্তি মোতাবেক নিয়মিতভাবে ঋণের অর্থ পরিশোধ করেছেন;
- (২) যিনি নিয়মিতভাবে ১ বছর যাবৎ কমপক্ষে মাসিক ১০০ টাকা হারে ব্যক্তিগত সঞ্চয় জমা করেছেন;
- (৩) ঋণের টাকা ব্যবহার শারীরিক সামর্থ্য অনুযায়ী আন্তরিকভাবে তার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের চেষ্টা করছেন;
- (৪) একই ব্যক্তিকে ২ (দুই) বছরের (পঞ্জিকা বর্ষ) মধ্যে একাধিকবার উপকারভোগীদের কল্যাণের অর্থ দেয়ার প্রস্তাব করা যাবে না;
- (৫) একই সময়ে একাধিক ব্যক্তি উক্ত অর্থ পাওয়ার যোগ্য বিবেচিত হলে অর্জিত সার্ভিস চার্জের পরিমাণ অনুযায়ী অপেক্ষাকৃত যোগ্য ব্যক্তিদেরকে উক্ত অর্থ প্রদানের প্রস্তাব করতে হবে। পর্যায়ক্রমে অন্যান্যদের জন্য প্রস্তাব প্রেরণ করা যাবে; এবং
- (৬) উপকারভোগীদের কল্যাণ বাবদ প্রতিজনকে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা দেয়ার প্রস্তাব করা যাবে। তবে দক্ষ ব্যক্তিদের তাৎক্ষণিক চিকিৎসা সহায়তা প্রদান এবং দক্ষ, আহত ও প্রতিবন্ধীদের উপার্জনমুখী প্রশিক্ষণ প্রদানের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ. শ্রেষ্ঠ সমাজকর্মীর পুরস্কার প্রদান:

নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে শ্রেষ্ঠ সমাজকর্মী নির্বাচন করে পুরস্কার প্রদানের প্রস্তাব প্রেরণ করা যাবে:

- (১) যে কর্মীর (ইউনিয়ন সমাজকর্মী, কারিগরী প্রশিক্ষক ও পৌর সমাজকর্মী) আদায়ের হার ১০০% হলে;
- (২) যিনি অফিসের সকল নিয়ম-কানুন মেনে চলেন এবং কর্মসূচি বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করেন;
- (৩) যার কোন (সকল ক্ষুদ্রঋণ কর্মসূচি) অর্থ আত্মসাৎ নেই এবং সকল নথিপত্র আপডেট আছে;

মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

হাসানউল্লাহ খান
সচিবের রুটিন দায়িত্বে

(৪) একই কর্মীকে ২ বছরের মধ্যে (পঞ্জিকা বর্ষ) একাধিকবার শ্রেষ্ঠ সমাজকর্মীর পুরস্কারের অর্থ প্রদানের প্রস্তাব করা যাবে না;

(৫) একজন মাঠকর্মীকে শ্রেষ্ঠ সমাজকর্মীর পুরস্কার বাবদ নগদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা অথবা প্রাইজবন্ড (নির্ধারিত) এবং এর সাথে একটি ফ্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা যাবে; এবং

(৬) সংশ্লিষ্ট কার্যালয়ের উক্ত কর্মসূচির আদায়ের হার ১০০% হলে, অফিসের রেকর্ডপত্রাদি সঠিকভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করলে, মাঠ পরিদর্শনের রিপোর্ট সন্তোষজনক এবং অর্থ আত্মসাৎ না থাকা সাপেক্ষে ফিল্ড সুপারভাইজারকেও শ্রেষ্ঠ সমাজকর্মীর পুরস্কার প্রদান করা যাবে। এ ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

১৩.৯ অনুমোদন পদ্ধতি:

উপরোক্ত শর্তাবলী পালন সাপেক্ষে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন কমিটির অনুমোদনক্রমে সার্ভিস চার্জ ও ব্যাংক সুদের অর্থ বর্ণিত খাতে ব্যয় করা যাবে। তবে এ বিষয়ে মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তরসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিস্তারিত অবহিত করতে হবে। এ সংক্রান্ত হিসাব আলাদা রেজিস্টারে সংরক্ষণ করতে হবে এবং রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে। শ্রেষ্ঠ সমাজকর্মীকে পুরস্কার প্রদানকালে জেলার উপপরিচালক, উপজেলা নির্বাহী অফিসার এবং কার্যক্রম বাস্তবায়ন কমিটির সদস্যদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে বিতরণ করতে হবে।

১৩.১০. সঞ্চয় অর্থ ব্যবস্থাপনা:

ঋণ গ্রহীতার নামে স্থানীয় ব্যাংকে একটি “সঞ্চয়ী হিসাব” খুলে প্রতি মাসে ন্যূনতম ১০০/- টাকা সঞ্চয় জমার অভ্যাস গড়ে তুলতে হবে। সঞ্চয়ের টাকা সঞ্চয়কারীকে নিজস্ব উদ্যোগে একাউন্টে জমা রাখতে হবে। ঋণ আদায়কারী সঞ্চয় জমার হিসাবটি মনিটর করবেন।

১৪. কার্যক্রম সংশ্লিষ্ট কমিটি:

১৪.১. জাতীয় পরিচালনা কমিটি (জাতীয় স্টিয়ারিং কমিটি):

০১	সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	সভাপতি
০২	মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
০৩	স্বাস্থ্যসেবা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়)	সদস্য
০৪	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়)	সদস্য
০৫	জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়)	সদস্য
০৬	অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়)	সদস্য
০৭	ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	সদস্য
০৮	নির্বাহী সচিব, জাতীয় সমাজকল্যাণ পরিষদ	সদস্য
০৯	যুগ্ম সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	সদস্য-সচিব

মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিয়ন্ত্রণ ও
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

এছাড়াও জাতীয় পরিচালনা কমিটির অনুমোদন সাপেক্ষে উক্ত কমিটিতে প্রয়োজনে কোন সদস্য কো-অপট করা যাবে।

কমিটির কর্মপরিধি:

- কার্যক্রমের নীতি নির্ধারণ, সমন্বয় সাধন, পরিবীক্ষণ ও মূল্যায়ন।
- কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান।

এ কমিটি বছরে কমপক্ষে ২ (দুই) বার সভায় মিলিত হবেন। সংখ্যাগরিষ্ঠের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

১৪.২ জেলা কার্যক্রম বাস্তবায়ন কমিটি:

১৪.২.১ দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের সুদক্ষতা ঋণ প্রদান:

০১	উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর	সভাপতি
০২	প্রতিনিধি (পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা)	সদস্য
০৩	সভাপতি, প্রকল্প সমন্বয় পরিষদ	সদস্য
০৪	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	সদস্য
০৫	সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট এলাকা)	সদস্য-সচিব

এছাড়াও কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপট করতে পারবে।

কমিটির কর্মপরিধি:

- জেলা শহর ও মহানগর এলাকায় বসবাসরত দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষুদ্রঋণ প্রদানের জন্য নির্বাচন।
- কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত সমস্যাগুলির সুষ্ঠু সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ।
- জেলাধীন উপজেলা পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত সমস্যার সমাধান।
- প্রয়োজনে জাতীয় পরিচালনা কমিটির নিকট সুপারিশ প্রেরণ।
- জাতীয় পরিচালনা কমিটিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ।

এ কমিটি প্রতি তিন মাসে ন্যূনতম একবার সভায় মিলিত হবেন এবং সংখ্যাগরিষ্ঠের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

১৪.২.২ আহত ব্যক্তিদের অনুদান প্রদান:

০১	জেলা প্রশাসক/চেয়ারম্যান, জেলা পরিষদ (পার্বত্য জেলার ক্ষেত্রে)	সভাপতি
০২	সিভিল সার্জন	সদস্য
০৩	পুলিশ সুপার	সদস্য
০৪	সভাপতি, প্রকল্প সমন্বয় পরিষদ	সদস্য
০৫	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	সদস্য
০৬	সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট এলাকা)	সদস্য
০৭	উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর	সদস্য-সচিব

এছাড়াও কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপট করতে পারবে।

কমিটির কর্মপরিধি:

- আহত ব্যক্তিদের আর্থিক অনুদানের আবেদন গ্রহণ এবং নির্বাচন।
- কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত সমস্যাগুলির সুষ্ঠু সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ।
- জেলাধীন উপজেলা পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত সমস্যার সমাধান।
- প্রয়োজনে জাতীয় পরিচালনা কমিটির নিকট সুপারিশ প্রেরণ।
- জাতীয় পরিচালনা কমিটিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

১৪.৩ উপজেলা কার্যক্রম বাস্তবায়ন কমিটি:

০১	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
০২	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার	সদস্য
০৩	অফিসার ইন চার্জ, পুলিশ স্টেশন	সদস্য
০৪	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
০৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
০৬	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র (যদি থাকে)	সদস্য
০৭	উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য-সচিব

এছাড়াও কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপট করতে পারবে।

উপজেলা কার্যক্রম বাস্তবায়ন কমিটির কর্মপরিধি:

- উপজেলা এলাকায় বসবাসরত দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের অনুদান/ক্ষুদ্রঋণ প্রদানের জন্য নির্বাচন।
 - উপজেলা এলাকায় বিভিন্ন পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা দেখা দিলে সমাধানের জন্য জেলা কমিটির নিকট প্রেরণ।
 - জাতীয় পরিচালনা কমিটিতে (জাতীয় স্টিয়ারিং কমিটি) গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ।
- এ কমিটি প্রতি তিন মাসে ন্যূনতম একবার সভায় মিলিত হবেন এবং সংখ্যাগরিষ্ঠের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

১৫. পরিবীক্ষণ ও মূল্যায়ন:

- (ক) জাতীয় পর্যায়ে একটি কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনার জন্য পরিবীক্ষণ ও তত্ত্বাবধানের গুরুত্ব অপরিসীম। “সামাজিক নিরাপত্তা বলয়” সুদৃঢ়করণে আর্থিক/চিকিৎসা সহায়তা, অনুদান ও সুদক্ষ ঋণ কার্যক্রমের প্রভাব, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, পরবর্তী পরিকল্পনা/কর্মসূচি গ্রহণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরে একটি শক্তিশালী যুগোপযোগী পরিবীক্ষণ ও তত্ত্বাবধান সেল থাকবে;
- (খ) উপজেলা/শহর সমাজসেবা অফিসারগণ প্রতিমাসে নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালকগণের নিকট প্রেরণ করবেন। জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালকগণ প্রতি মাসের নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত প্রতিবেদনসমূহ সমন্বয় করে সমাজসেবা অধিদফতরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন;
- (গ) উপপরিচালক ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারদের পাশাপাশি জেলা সমন্বয় কমিটি এ কার্যক্রমের সার্বিক বিষয়াদি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। সদর কার্যালয়ে গঠিত মনিটরিং সেলে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিয়মিতভাবে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় পরিচালিত এ কার্যক্রম পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন।

১৬. কমিটি'র নির্দেশনা বাস্তবায়ন:

প্রতিবছর “দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কর্মসূচী” এর বাস্তবায়ন অগ্রগতি, মূল্যায়ন এবং বাজেট নির্ধারণের বিষয়ে ইতঃপূর্বে গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি এবং সামাজিক নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক সময় সময় প্রদত্ত পরামর্শ/দিকনির্দেশনা অনুসরণ করতে হবে।

১৭. সরকার সময়ে সময়ে প্রয়োজনের নিরিখে নির্দেশনা জারির মাধ্যমে এ নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে। ইতঃপূর্বে জারিকৃত “দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম” বাস্তবায়ন নীতিমালা বাতিল বলে গণ্য হবে। তবে উক্ত নীতিমালার আওতাধীন গৃহীত ব্যবস্থা বলবৎ থাকবে।

১৮. এ নীতিমালার বিষয়ে কোনো প্রশ্ন বা সংশয় দেখা দিলে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


২২.০৮.১৮
হায়দার জাহান ফারাস
সচিব (রুঃদাঃ)
সমাজকল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজকল্যাণ মন্ত্রণালয়


দল, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম পরিবার জরিপ ফর্ম

প্রথম অংশ

পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি

১. আবেদনকারীর নাম : (ক) বাংলায়:.....
(খ) ইংরেজি:.....
২. পিতা/স্বামীর নাম: (ক) বাংলায়:
(খ) ইংরেজি:
৩. মাতার নাম: (ক) বাংলায়:
(খ) ইংরেজি:
৪. জাতীয় পরিচয়পত্র:
৫. জন্ম নিবন্ধন নম্বর:
৬. জন্ম তারিখ: ৭. ধর্ম:
৮. লিঙ্গ: ৯. পেশা:
১০. মোবাইল নম্বর:

ক্রমিক নং	পরিবারের সদস্যদের নাম	পরিবার প্রধানের সাথে সম্পর্ক	পুরুষ/নারী	জন্ম তারিখ ও বয়স	বৈবাহিক অবস্থা	শিক্ষাগত যোগ্যতা	পেশা	শারীরিক যোগ্যতা			মন্তব্য
								কর্মক্ষম	কর্মক্ষমতাহীন	সম্পূর্ণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১											
২											
৩											
৪											
৫											
৬											
৭											


মোঃ ফরুক হোসেন
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

১০


মোঃ ফরুক হোসেন
সচিবের রুটিন দায়িত্বে

আর্থ-সামাজিক তথ্যাবলী

(ক) জায়গা জমি		(খ) পশু সম্পদ		(গ) কাজের বিবরণ		(ঘ) বাৎসরিক আয়		মন্তব্য
প্রকার	পরিমাণ (শতাংশ)	প্রকার	পরিমাণ (সংখ্যা)	অন্য কোন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক ঋণ গ্রহণের বিবরণ		উৎস	টাকার পরিমাণ	
				সংস্থার নাম	টাকার পরিমাণ			
পাকা বাড়ী/আখা পাকা/টিনের বাড়ী (নিজ/ভাড়া)		গরু				কৃষি জমি হতে আয়		
আবাদী জমি (নিজ)		মহিষ				শাক- সব্জী/ফলমূল		
আবাদী জমি (বর্গা/লিজ)		ঘোড়া				পশু সম্পদ		
পুকুর (আবাদী)		ছাগল/ভেড়া				পুকুর/মাহ		
পুকুর (পতিত)		হাঁস/মুরগী				চাকুরী		
অন্যান্য		অন্যান্য				অন্যান্য		
		মোট				মোট		

অন্যান্য তথ্যাবলী

(ক) ঘর-বাড়ী (খ) টিকাদান (পরিবারের শিশুদের) (গ) মন্তব্য
(সংখ্যা লিখুন) (টিক দিন)

* দক্ষ/আহত/প্রতিবন্ধী ব্যক্তির বিবরণ (যদি থাকে):

ক্রঃ নং	নাম ও পিতার নাম এবং জাতীয় পরিচয় পত্র নম্বর	জন্ম তারিখ ও বয়স	ক্ষতিগ্রস্ত হওয়ার তারিখ ও কারণ	ক্ষতিগ্রস্ত ব্যক্তির বিবরণ			ক্ষতিগ্রস্ত ব্যক্তির চিকিৎসা সংক্রান্ত তথ্য	ক্ষতিগ্রস্ত ব্যক্তির উপার্জন, প্রশিক্ষণ, আয় বর্ধক ও অন্যান্য তথ্য	মন্তব্য
				বর্ণনা	ক্ষতিগ্রস্ততার অবস্থা	মুদ্রা			
			তারিখ: ক) জন্মগত □ খ) এসিডদগ্ধ □ গ) অগ্নিদগ্ধ □ ঘ) অন্যান্য □	ক) শারীরিক □ খ) মানসিক □ গ) দৃষ্টি □ ঘ) বাক ও শ্রবণ □ ঙ) বহু মাত্রিক □			ক) কোন চিকিৎসা হয়েছে কিনা? হ্যাঁ/না খ) আরও চিকিৎসার প্রয়োজন আছে কি? হ্যাঁ/না	ক) পরিবারের উপার্জনশীল ব্যক্তি কিনা? হ্যাঁ/না খ) তাঁর উপর পরিবার নির্ভরশীল কিনা? হ্যাঁ/না গ) বৃত্তিমূলক প্রশিক্ষণ আছে কিনা? হ্যাঁ/না ঘ) প্রশিক্ষণ নিতে আগ্রহী কিনা? হ্যাঁ/না ঙ) আয়বর্ধক কাজ করতে আগ্রহী কিনা? হ্যাঁ/না চ) এ কাজে আর্থিক সহায়তার প্রয়োজন আছে কিনা? হ্যাঁ/না ছ) ক্ষতিগ্রস্ত ব্যক্তি লক্ষ্যভূক্ত পরিবারের সদস্য কিনা? হ্যাঁ/না	

সমাজসেবা অফিসারের
প্রতিস্বাক্ষর ও তারিখ

সহকারী সমাজসেবা
অফিসারের স্বাক্ষর ও তারিখ

যাচাইকারীর নাম ও পদবী
(ফিন্ড সুপারভাইজার)

তথ্য সংগ্রহকারীর স্বাক্ষর
নাম:
পদবী:


মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

২৬

হাফিজা সুলতানা
সচিবের কার্যক্রম দায়িত্বে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদপ্তর

----- কার্যালয়

দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম
(ঋণ গ্রহণের আবেদন পত্র)পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি

বরাবর

উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা

উপজেলা/থানা

জেলা.....

বিষয়: সুদমুক্ত ঋণ প্রাপ্তির আবেদন।

জনাব,

আমি একজন দক্ষ/প্রতিবন্ধী ব্যক্তি। কর্মসংস্থানের অভাবে আমি দারিদ্রের মধ্যে দিন যাপন করছি। পুঁজির অভাবে আমি বা আমার পরিবারের কোন লোক আয়বর্ধক কোন কাজে অংশগ্রহণ করার সুযোগ পাচ্ছি না। এমতাবস্থায় আমি আপনার কার্যালয়ের দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কর্মসূচী এর আওতায় জন্য টাকা ঋণ মঞ্জুরীর জন্য আবেদন জানাচ্ছি। আমি নিশ্চয়তা প্রদান করছি যে, আমার আবেদনকৃত ঋণ প্রদান করা হলে আমার উপর আরোপিত শর্তানুযায়ী যথারীতি কিস্তি মোতাবেক প্রদেয় অর্থ পরিশোধ করতে এবং এ সংক্রান্ত যাবতীয় নিয়মকানুন মেনে চলতে বাধ্য থাকব।

সুপারিশকারীগণের বিবরণ

ক. ইউপি সদস্য/কাউন্সিলর (সংশ্লিষ্ট ওয়ার্ড)
নাম, স্বাক্ষর ও সিলমোহর:
.....

খ. ইউনিয়ন সমাজকর্মী/পৌরসমাজকর্মী
নাম ও স্বাক্ষর:
.....

গ. ফিল্ড সুপারভাইজার
নাম ও স্বাক্ষর:
.....

আপনার বিশ্বস্ত,

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ

নাম

পিতা/স্বামীর নাম

বর্তমান ঠিকানা:

.....

মোবা:

কর্তৃপক্ষের জন্য

দাখিলকৃত ঋণের আবেদনপত্রটি পরীক্ষান্তে বাস্তবায়ন কমিটির তারিখের সভায় অনুমোদিত

হওয়ায় জনাব/বেগম টাকা কে টাকা

(কথায়:) ঋণ মঞ্জুর করা হলো।

মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মহলা, ঢাকা

.....
নাম ও স্বাক্ষর
উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা/শহর সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন
কমিটি

হাফিজা জাহান
সচিবের রুটিন দায়িত্বে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম
(ঋণের চুক্তিপত্র)

উভয় পক্ষের
পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি

তারিখ

..... জন্য চুক্তিপত্র
বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তরের দক্ষ, আহত ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কর্মসূচী এর আওতায়
..... উপজেলা জেলা এর পক্ষে
উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা।

প্রথম পক্ষ।

স্বিন্ন গ্রহীতা পিতা/স্বামী
গ্রাম/ওয়ার্ড ইউনিয়ন/পৌরসভা উপজেলা/থানা
..... জেলা।

দ্বিতীয় পক্ষ।


অদ্য তারিখে উভয় পক্ষের পারস্পরিক সমঝোতা ও নিম্নলিখিত শর্তাবলী
মেনে চলার অঙ্গীকার এ চুক্তিপত্র সম্পাদিত হলো

শর্তাবলী:

- ১। প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে জন্য টাকা
..... (কথায়) পুঁজি হিসেবে
ঋণ দিতে সম্মত হয়েছেন। এ ঋণের অর্থ কাজে বিনিয়োগ
করা হবে।
- ২। দ্বিতীয় পক্ষ মঞ্জুরীকৃত টাকা উল্লিখিত কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে ব্যবহার করতে পারবেন না।
- ৩। দ্বিতীয় পক্ষ মঞ্জুরীকৃত টাকা শতকরা ৫% (পাঁচ) ভাগ
সার্ভিস চার্জসহ কিস্তি ভিত্তিতে সর্বমোট টাকা পরিশোধ
করবেন।
- ৪। দ্বিতীয় পক্ষ উপরোক্ত সম্পূর্ণ টাকা মোট টি কিস্তিতে পরিশোধ করবেন।
- ৫। প্রথম কিস্তি শুরু হবে ঋণের অর্থ গ্রহণের তারিখ হতে মাস/দিন
অতিক্রম হওয়ার পর।
প্রতি কিস্তি টাকা হিসেবে পরিশোধ করবেন।
- ৬। প্রথম কিস্তি পরিশোধের তারিখ
- ৭। শেষ কিস্তি পরিশোধের তারিখ


মোঃ বরকাতুল্লার রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

২৮


মোঃ বরকাতুল্লার রহমান
সচিবের রুটিন দায়িত্বে

- ৮। দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষ হতে প্রাপ্ত টাকা, উপকরণ, যন্ত্রপাতি, সরঞ্জাম প্রভৃতি প্রথম পক্ষের সম্পত্তি থাকবে যতক্ষণ পর্যন্ত না দ্বিতীয় পক্ষ ঋণের সমস্ত টাকা (সার্ভিস চার্জসহ) পরিশোধ করবেন। এ সময় দ্বিতীয় পক্ষ পূর্বোল্লিখিত উপকরণ, যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি বিক্রয় করা বা বন্ধক দেওয়া কিংবা অন্য কোন উপায়ে এগুলো হস্তান্তর করতে পারবেন না যতক্ষণ না সকল কিস্তি সম্পূর্ণ টাকা পরিশোধ করবেন।
- ৯। দ্বিতীয় পক্ষ কর্তৃক গৃহিত ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ হলে, দ্বিতীয় পক্ষ আইনসম্মতভাবে গৃহিত ঋণের টাকা ও অন্যান্য উপকরণাদির মালিকানা অর্জন করবেন।
- ১০। দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নিকট হতে গৃহিত ঋণের কিস্তি যথারীতি পরিশোধ না করলে অথবা এ চুক্তির কোন শর্ত অমান্য করলে, দ্বিতীয় পক্ষ উপকরণ, যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ফিরিয়ে দিতে বাধ্য থাকবেন এবং এগুলো প্রথম পক্ষের নিয়ন্ত্রণে থাকবে।
- ১১। এ চুক্তিপত্র বর্ণিত কোন শর্ত/শর্তাবলী মেনে চলতে যদি দ্বিতীয় পক্ষ ব্যর্থ হন তাহলে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের বিরুদ্ধে জনস্বার্থে উপযুক্ত প্রশাসনিক/আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
- ১২। এ চুক্তিপত্রের প্রতিটি ধারা আমার কাছে ব্যাখ্যা করা হয়েছে এবং আমি এর প্রতিটি ধারা ও শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকবো।

(২) প্রথম পক্ষের স্বাক্ষর।

(১) দ্বিতীয় পক্ষ –

(উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা)

(ঋণ গ্রহীতার স্বাক্ষর)

জামিনদারের স্বাক্ষর

নাম:

পিতার নাম:

ঠিকানা:

ঋণ গ্রহীতার সাথে সম্পর্ক:

স্বাক্ষীগণের স্বাক্ষর:

১। স্বাক্ষর: (ইউনিয়ন সমাজকর্মী)	২। স্বাক্ষর: (পিতা/মাতা/নিকট আত্মীয়)
নাম:	নাম:
পিতা/স্বামীর নাম:	পিতা/স্বামীর নাম:
গ্রাম/ওয়ার্ড: ইউনিয়ন:	গ্রাম/ওয়ার্ড: ইউনিয়ন:
উপজেলা/থানা: জেলা:	উপজেলা/থানা: জেলা:


মোঃ বরকাতুল রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা


মোঃ বরকাতুল রহমান
সচিবের রুটিন দায়িত্বে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
----- কার্যালয়
দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম
(এককালীন সহায়তা প্রাপ্তির আবেদন পত্র)

পাসপোর্ট
সাইজের
সত্যায়িত ছবি

বরাবর
উপজেলা সমাজসেবা কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা
উপজেলা/থানা/শহর
জেলা.....

বিষয়: আহত ব্যক্তিদের এককালীন আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন।

জনাব,

আমি একজন আহত ব্যক্তি। আহত হওয়ার কারণে চিকিৎসা ও পুনর্বাসনের জন্য আহত ব্যক্তিদের এককালীন আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য আবেদন জানাচ্ছি। নিম্নে আমার বিস্তারিত তথ্য উপস্থাপন করা হলো:

(১) যাচাইকরণের ধরন*	
জাতীয় পরিচিতি নম্বর	
জাতীয় পরিচিতি নম্বর*	
জন্ম তারিখ*	
জন্মনিবন্ধন (জাতীয় পরিচিতি নম্বর না থাকলে)	
জন্মনিবন্ধন নম্বর*	
জন্ম তারিখ*	

(২) ব্যক্তিগত তথ্য	
ক্রঃনং	
২(১)	সম্পূর্ণ নাম (বাংলায়)* :
২(২)	সম্পূর্ণ নাম (ইংরেজিতে)* :
২(৩)	বাবার নাম (বাংলায়)* :
২(৪)	বাবার নাম (ইংরেজিতে)* :
২(৫)	মায়ের নাম (বাংলায়)* :
২(৬)	মায়ের নাম (ইংরেজিতে)* :

মোঃ বশরাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
স্বাধীনতা সড়ক, ঢাকা

২০


২০/০৭/২০২০
সচিবের রুটিন দায়িত্বে

২(৭)	মোবাইল নম্বর*	:	
২(৮)	বৈবাহিক অবস্থা*	:	অবিবাহিত/বিবাহিত/বিধবা/অন্যান্য
২(৯)	ধর্ম*	:	ইসলাম/হিন্দু/বৌদ্ধ/খ্রিস্টান/অন্যান্য
২(১০)	জাতীয়তা*	:	বাংলাদেশী
২(১১)	বয়স*	:	
২(১২)	লিঙ্গ*	:	মহিলা/পুরুষ/হিজড়া
২(১৩)	শিক্ষাগত যোগ্যতা*	:	নিরক্ষর ১- শ্রেণী ৬-৮ শ্রেণী এসএসসি এইচএসসি গ্রাজুয়েট/ডিপ্লোমা পোস্ট গ্রাজুয়েট
২(১৪)	সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা	:	
২(১৫)	পেশা*	:	শিক্ষার্থী/কর্মরত(চাকুরীজীবী/শ্রমজীবী/কর্মহীন/অন্যান্য

(৩) বর্তমান ঠিকানা

ক্রঃনং	বর্তমান	স্থায়ী
৩(১)	বিভাগ:	বিভাগ:
৩(২)	জেলা/সিটি কর্পোরেশন (টিক চিহ্ন দিন):	জেলা/সিটি কর্পোরেশন (টিক চিহ্ন দিন):
৩(৩)	উপজেলা/পৌরসভা (টিক চিহ্ন দিন):	উপজেলা/পৌরসভা (টিক চিহ্ন দিন):
৩(৪)	ইউনিয়ন:	ইউনিয়ন:
৩(৫)	গ্রাম/ওয়ার্ড/সেকশন/ব্লক (টিক চিহ্ন দিন):	গ্রাম/ওয়ার্ড/সেকশন/ব্লক (টিক চিহ্ন দিন):
৩(৬)	রোড নং (প্রযোজ্য ক্ষেত্রে):	রোড নং (প্রযোজ্য ক্ষেত্রে):
৩(৭)	বাড়ি নং (প্রযোজ্য ক্ষেত্রে):	বাড়ি নং (প্রযোজ্য ক্ষেত্রে):
৩(৮)	ফ্ল্যাট নং (প্রযোজ্য ক্ষেত্রে):	ফ্ল্যাট নং (প্রযোজ্য ক্ষেত্রে):
৩(৯)	পোস্ট কোড:	পোস্ট কোড:
৩(১০)	ইমেইল:	ইমেইল:


 মোঃ বরকতুল্লাহ রহমান
 উপসচিব
 সামাজিক নিরাপত্তা ও শাশা
 প্রশাসনিক বরাদ্দ, গাজী


 মোঃ বরকতুল্লাহ রহমান
 সচিবের কার্টিন দায়িত্বে

(৪) আহতের বিস্তারিত তথ্য		
৪(১)	বর্তমান শারীরিক অবস্থা*	১. পঙ্গু ২. স্থায়ীভাবে চোখের দৃষ্টি ক্ষতি/লোপ ৩. স্থায়ীভাবে কানের শ্রবণ শক্তি ক্ষতি/লোপ ৪. যে কোন অঙ্গ বা গ্রন্থির ক্ষতি ৫. যে কোন অঙ্গ বা গ্রন্থির কর্মক্ষমতা হ্রাস ৬. মাথা বা মুখমন্ডলের স্থায়ী ক্ষতি ৭. হাড় বা দন্ত ভঙ্গ ৮. মানসিক ট্রমায় আক্রান্ত ৯. যে কোন অঙ্গহানি যা শারীরিক অক্ষমতার কারণ ৮. মানসিক ট্রমায় আক্রান্ত ৯. যে কোনো অঙ্গহানি যা শারীরিক অক্ষমতার কারণ ১০. অন্যান্য (বিস্তারিত অনুসারে) :
৪(২)	আহতের সময় আহত ব্যক্তির বাসস্থান/আবাসস্থলের ঠিকানা/এলাকা	:
৪(৩)	ঘটনাস্থলে উপস্থিতির কারণ	:
৪(৪)	আহত হওয়ার বিবরণ* (সুস্পষ্ট কারণসহ)	:
৪(৫)	আহত ব্যক্তির আঘাতের ধরন	১। সাময়িক/অস্থায়ী ২। স্থায়ী/দীর্ঘ/মেয়াদী/কর্মক্ষমতা/কর্মদক্ষতা লোপ
৪(৬)	আহত হওয়ার স্থান*	:
৪(৭)	আহত হওয়ার তারিখ ও সময়*	:
৪(৮)	হাসপাতাল/ক্লিনিকে ভর্তি তারিখ*	:
৪(৯)	চিকিৎসা গ্রহণের হাসপাতাল/ক্লিনিকের নাম*	:
৪(১০)	চিকিৎসা গ্রহণের হাসপাতাল/ক্লিনিকের ঠিকানা (জেলা) ও ফোন নং*	:
৪(১১)	আর্থিক অবস্থা*	: অতি দরিদ্র/দরিদ্র/মধ্য বিত্ত/উচ্চবিত্ত/অন্যান্য
৪(১২)	ব্যক্তির জানামতে চিকিৎসা বাবদ মোট ব্যয়ের পরিমাণ (টাকায়)*	:
৪(১৩)	পরিশোধকৃত বিলের অর্থের উৎস*	১। পারিবারিক আয় হতে ২। ঋণ (ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক) ৩। সরকারি সংস্থা হতে প্রাপ্ত সাহায্য/অনুদান ৪। বেসরকারি সংস্থা হতে প্রাপ্ত সাহায্য/অনুদান ৫। অন্যান্য

মোঃ বরকাতুল রহমান
 উপসচিব
 সামাজিক শিষ্যপত্র-৩ শাখা
 সমাজকল্যাণ মহালয়, ঢাকা

৪(১৪)	অভিভাবকের নাম*	:	
৪(১৫)	অভিভাবকের পেশা*	:	
৪(১৬)	প্রতিষ্ঠানের নাম (শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান/কর্মজীবীদের ক্ষেত্রে কর্মরত প্রতিষ্ঠানের নাম) [পরিচয়পত্র সংযুক্ত করতে হবে]	:	
৪(১৭)	শিক্ষা প্রতিষ্ঠান/কর্মজীবীর প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র	:	, পিতাঃ..... এনআইডি নং এর আহত সংক্রান্ত বিবরণ সঠিক মর্মে প্রত্যয়ন করা হলো। স্বাক্ষর (সীলসহ)

(৫) ব্যাংক/এমএফএস একাউন্টের তথ্য	
একাউন্ট ধরন*	: ব্যাংক একাউন্ট/এমএফএস (মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস)
১। ব্যাংক একাউন্ট	:
একাউন্টের মালিকানা*	: নিজ/পরিবারের সদস্য/অন্য কেউ
ব্যাংকের নাম*	:
শাখার নাম*	:
ব্যাংক একাউন্ট নম্বর*	:
হিসাবের শিরোনাম*	:
২। এমএফএস (মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস)	:
মোবাইল মালিকানা*	: নিজ/পরিবারের সদস্য/অন্য কেউ
এমএফএস এর নাম*	: বিকাশ/নগদ
মোবাইল*	:
ইমেইল (যদি থাকে)	:

২৬

মোঃ বরকাতুল করিম
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

হুমায়ুন কবীর খান
সচিবের কার্যনির্বাহী

(৬) নমিনীর তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)	
নমিনীর তথ্য প্রদান করতে ইচ্ছুক?*	: হ্যাঁ/না
উত্তর হ্যাঁ হলে---	:
জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/ জন্ম নিবন্ধন নম্বর*	:
জন্ম তারিখ*	:
সম্পূর্ণ নাম (বাংলায়)*	:
সম্পূর্ণ নাম (ইংরেজিতে)*	:
জাতীয়তা*	: বাংলাদেশী
উপকারভোগীর সাথে সম্পর্ক*	: স্বামী/স্ত্রী/পরিবারের সদস্য/নিকট আত্মীয়/পিতা/মাতা/সন্তান
ছবি	:
স্বাক্ষর	:
বর্তমানের মতো একই ঠিকানা	:
ঠিকানা (ঠিকানা আলাদা হলে)	:

(৭) সংযুক্ত ডকুমেন্টস (সত্যায়িত) অনুলিপি

(১) NID/Birth Certificate (প্রযোজ্য ক্ষেত্রে)	:
(২) শিক্ষা প্রতিষ্ঠান/ব্যবসা প্রতিষ্ঠান/সরকারি/বেসরকারি চাকুরী/অন্যান্য ক্ষেত্রের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পরিচয়পত্র	:
(৩) হাসপাতাল/ক্লিনিকের Discharge/ছাড়পত্রসহ আনুষঙ্গিক চিকিৎসাপত্র	:
(৪) চিকিৎসা গ্রহণের কাগজপত্রাদি/ডকুমেন্টস আপলোড/সংযুক্ত	:

আবেদনকারীর নাম:

স্বাক্ষর:

ঠিকানা:

.....

মোবাইল নং:

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সশাসনিকালীন মন্ত্রণালয়, ঢাকা

১৫/০৮/২০২১
সচিবের রুটিন দায়িত্বে